

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০ সালের ডিপ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ওয় বর্ষ পরীক্ষা আজ থেকে সারাদেশে একযোগে শুরু হচ্ছে। গতকাল বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দণ্ডরের পরিচালক মো. আতাউর রহমান স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এ পরীক্ষা গত ১৯ জুলাই প্রকাশিত সংশোধিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে, যা শেষ হবে আগামী ১৯ অক্টোবর। এবার সারাদেশে ৭১১টি কেন্দ্রে ১ হাজার ৮৭৯টি কলেজের প্রায় ২ লাখ পরীক্ষার্থী এতে অংশ নিচ্ছে। পরীক্ষা শুরুর সময় দুপুর ১টা ৩০ মিনিট। পরীক্ষার যাবতীয় প্রস্তুতি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসে কন্ট্রোলরুম খোলা হয়েছে। জরুরি প্রয়োজনে ০২-৯৯৬৬৯১৫১৭ এবং ০২-৯৯৬৬৯১৫৩৮ নম্বরে যোগাযোগের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়েছে। সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানে কর্তৃপক্ষ সকলের সহযোগিতা কামনা করছে।